# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৯৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৯৮]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الِافْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ১৭: তাকবীর ও কিরাআতের মধ্যে অন্য প্রকার দুআ ও যিকর

نوع آخر من الذكر والدعاء بين التكبير والقراءة

---

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَلِيٍّ قال: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، قال: حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ أَبِي سَلَمَةَ، قال: حَدَّثَنِي عَمِّي الْمَاجِشُونُ بْنُ أَبِي سَلَمَةَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ الْأَعْرَجِ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي رَافِعٍ، عَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ، أَنّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا اسْتَفْتَحَ الصَّلَاةَ كَبَّرَ، ثُمَّ قَالَ: وَجَّهْتُ وَجْهِيَ لِلَّذِي فَطَرَ السَّمَوَاتِ وَالْأَرْضَ حَنِيفًا وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ لَا شَرِيكَ لَهُ وَبِذَلِكَ أُمِرْتُ وَأَنَا مِنَ الْمُسْلِمِينَ اللَّهُمَّ أَنْتَ الْمَلِكُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ أَنَا عَبْدُكَ ظَلَمْتُ نَفْسِي وَاعْتَرَفْتُ بِذَنْبِي فَاغْفِرْ لِي ذُنُوبِي جَمِيعًا لَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ وَاهْدِنِي لِأَحْسَنِ الْأَخْلَاقِ لَا يَهْدِي لِأَحْسَنِهَا إِلَّا أَنْتَ وَاصْرِفْ عَنِّي سَيِّئَهَا لَا يَصْرِفُ عَنِّي سَيِّئَهَا إِلَّا أَنْتَ لَبَّيْكَ وَسَعْدَيْكَ وَالْخَيْرُ كُلُّهُ فِي يَدَيْكَ وَالشَّرُّ لَيْسَ إِلَيْكَ أَنَا بِكَ وَإِلَيْكَ تَبَارَكْتَ وَتَعَالَيْتَ أَسْتَغْفِرُكَ وَأَتُوبُ إِلَيْكَ .

تخريج دارالدعوه: صحيح مسلم/المسافرين ٢٦ (٧٧١)، سنن ابی داود/الصلاة ١١٨ (٧٤٤)،١٢١ (٧٦٠، ٧٦١)،٣٦٠ (١٥٠٩)، سنن الترمذی/الدعوات ٣٢ (٣٤٢١، ٣٤٢٢، ٣٤٢٣)، سنن ابن ماجه/إقامة الصلاة ١٥ (٨٦٤)،٧٠ (١٠٥٤)، (تحفة الأشراف: ١٠٢٢٨)، مسند احمد ١/٩٣، ٩٤، ٩٥، ١٠٢، ١٠٣، ١١٩، سنن الدارمی/الصلاة ٣٣ (١٢٧٤)، ويأتي عند المؤلف برقم: ١٠٥١، ١١٢٧ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 898 ـ صحيح

বাংলা

৮৯৭. ’আমর ইবনু ’আলী (রহ.) ..... ’আলী (রাঃ) হতে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ (সা.) যখন সালাত শুরু করতেন তখন তাকবীর বলতেন। তারপর বলতেন -

“ওয়াজ্জাহতু ওয়াজহিয়া লিল্লাযী ফাতারস সামাওয়াতি ওয়াল আরযি হানীফাওঁ ওয়ামা- আনা- মিনাল মুশরিকীনা ইন্না সালা-তী ওয়া নুসুকী ওয়া মাহইয়া-ইয়া ওয়ামামা-তী লিল্লা-হি রব্বিল আ-লামীনা লা-শারীকা লাহু ওয়াবিযা-লিকা উমিরতু ওয়াআনা- মিনাল মুসলিমীনা, আল্ল-হুম্মা আনতাল মালিকু লা- ইলা-হা ইল্লা আনতা আনা- ’আবদুকা যলামতু নাফসী ওয়া তারফতু বিযামবী ফাগফিরলী যুনূবী জামী’আন লা-ইয়াগফিরুয যুনূবা ইল্লা আনতা ওয়াহদিনী লিআহসানিল আখলা-কি লা- ইয়াহদী লিআহসানিহা- ইন্না-আনতা ওয়াসরিফ আন্নী সাইয়িআহা- লা- ইয়াসরিফু ’আন্নী সাইয়িআহা- ইল্লা আনতা লাব্বাইকা ওয়া সা’ দায়কা ওয়াল খয়রু কুল্লহু ফী ইয়াদায়কা ওয়াশ শাররু লায়সা ইলায়কা আনা- বিকা ওয়া ইলায়কা তাবারকতা ওয়া তা’ আলা-লায়তা আসতাগফিরুকা ওয়াআতূবু ইলায়কা।”

অর্থাৎ, আমি আন্তরিকভাবে তাঁর দিকে মুখ ফিরিয়েছি যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছেন এবং আমি মুশরিকদের অন্তর্ভুক্ত নই। নিশ্চয় আমার সালাত আমার ইবাদত (কুরবানী ও হাজ্জ) আমার জীবন ও আমার মরণ সারা দুনিয়ার প্রতিপালক আল্লাহরই উদ্দেশে। তাঁর কোন অংশী নেই। আর এরই জন্যে আমি আদিষ্ট হয়েছি এবং আমি মুসলিমদের অন্তর্গত। আল্লাহ তুমিই বাদশাহ, তুমি ছাড়া কোন ইলাহ নেই। আমি তোমার দাস। আমি নিজের ওপর অত্যাচার করেছি এবং আমি আমার অপরাধ স্বীকার করছি। সুতরাং তুমি আমার সমস্ত অপরাধ ক্ষমা করে দাও। নিশ্চয় তুমি ব্যতীত আর কেউ অপরাধসমূহ ক্ষমা করতে পারে না। আমাকে চালিত কর উত্তম চরিত্রের পথে তুমি ব্যতীত অপর কেউ চালিত করতে পারে না উত্তম চরিত্রের পথে এবং দূরে রাখ আমা থেকে মন্দ আচরণকে, তুমি ব্যতীত আমা থেকে তা অপর কেউ দূরে রাখতে পারে না। হে আল্লাহ! উপস্থিত আছি আমি। সকল কল্যাণ তোমারই হাতে, আর অকল্যাণ তোমার প্রতি বর্তায় না। আমি তোমার সাহায্যেই প্রতিষ্ঠিত আছি এবং তোমারই দিকে প্রত্যাবর্তন করছি। তুমি বরকতময়, তুমি সুমহান। আমি তোমার নিকট ক্ষমা চাচ্ছি এবং তোমার দিকেই ফিরছি।

## English

17. Another Type Of Remembrance And Supplication Between The Takbir And Recitation

It was narrated from Ali, may Allah be pleased with him, that: When the Messenger of Allah (ﷺ) started to pray, he would say Takbir, then say: Wajahtu wajhi lilladhi fataras-samawatiwal-arda hanifan wa ma ana minal-mushrikin. Inna salati wa nusuki wa mahyaya wa mamati lillahi rabbil-alamin, la sharika lahu, wa bidhalika umirtu wa ana min al-muslimin. Allahumma! Antal-maliku la ilaha illa ant, ana abduka zalamtu nafsi wa'taraftu bidhanbi faghfirli dhunubi jami'an, la yaghfirudhunuba illa anta, wahdini lihasanil-ahklaqi, la yahdi li ahsaniha illa anta wasrif anni sayy'aha la

yasrifu anni sayy'aha illa anta, labaika wa sa'daika, wal-khairu kulluhu fi yadaika wash-sharru laisa ilaika ana bika wa ilaika ana bika wa ilaika tabarkta wa ta'alaita astaghfiruka wa atubu ilaik. (Verily, I have turned my face toward Him who created the Heavens and the Earth hanifa (worhsipping none but Allah Alone), and I am not of the idolaters. Verily, my salah, my sacrifice, my living, and my dying are for Allah, the Lord of the all that exists. He has no partner. And of this I have been commanded, and I am one of the Muslims. O Allah, You are the Sovereign and there is none worthy of worship but You. I am Your slave, I have wronged myself and I acknowledge my sin. Forgive me all my sins for no one forgives sins but You. Guide me to the best of manners for none can guide to the best of them but You. Protect me from bad manners for none can protect against them but You. I am at Your service, all goodness is in Your hands, and evil is not attributed to You. I rely on You and turn to You, blessed and exalted are You, I seek Your forgiveness and repent to You.

## ফুটনোট

সহীহ: মুসলিম ৭৭১, আবু দাউদ ৭৬০, তিরমিযী ২৬৬, ৩৬৬১; দারাকুত্বনী ১২৩৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87271

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন